গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd.

স্মারকনং-৩৪.০১.০০০০.০২৯. ৩৯.৫২৯.১৭- ৪৪১

তারিখঃ ২৮ কার্তিক ,১৪২৪ বঙ্গাব্দ
১২ নভেম্বর ,২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ন্যাশনাল সার্ভিস কর্মসূচিভুক্ত -৬ষ্ঠ পর্বের উপকারভোগী সুষ্ঠুভাবে বাছাই প্রসঙ্গে ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে,ন্যাশনাল সার্ভিস কর্মসূচি বর্তমান সরকারের একটি অগ্রাধিকারপ্রাপ্ত কর্মসূচি যা সকলে অবহিত। প্রাথমিক পর্যায়ে পাইলট কর্মসূচির সাফল্যজনক বাস্তবায়নের ধারাবাহিকতায় ইতোমধ্যে ৫ম পর্বের বাস্তবায়ন কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। ৬ষ্ঠ ও ৭ম পর্বের বাস্তবায়ন কার্যক্রম শুরু হয়েছে। ৬ষ্ঠ পর্বের উপকারভোগী নির্বাচনের জন্য দরখাস্ত আহবান করার পরিপ্রেক্ষিতে গত ১২/১০/২০১৭ খ্রিঃ আগ্রহীদের আবেদনপত্র গ্রহণের কার্যক্রম সমাপ্ত হয়েছে যা ন্যাশনাল সার্ভিস কর্মসূচির উপজেলা কমিটির সভাপতি হিসেবে তিনি বিশেষভাবে অবগত রয়েছেন।

২। ন্যাশনাল সার্ভিস কর্মসূচির প্রধান প্রধান কার্যাবলীর প্রথম গুরুত্বপূর্ণ কাজটি হলো প্রকৃত উপকারভোগী বাছাই । প্রসঙ্গত উল্লেখ্য যে, ন্যাশনাল সার্ভিস কর্মসূচি বাস্তবায়নের প্রক্রিয়ায় প্রতি উপজেলার গড় সংখ্যাটি ১৫০০জন । অর্থাৎ পর্বভুক্ত উপজেলাসমূহের গড়ানুসারে মোট সংখ্যাটি নির্ধারিত যা কোন উপজেলায় বেশী আবার কোন উপজেলায় কম হিসেবে সমন্বয় হয়ে থাকে । সরকারের যুব বান্ধব কর্মসূচিতে প্রকৃত উপকারভোগীগণের কেউ যেন বাদ না পড়ে তা যেমন গুরুত্বপূর্ণ, ততোধিক গুরুত্বপূর্ণ হ'ল অযাচিত ও বিধিবহির্ভূতভাবে কেউ যেন অন্তর্ভুক্ত না হয়। কেননা এতে কর্মসূচি বাস্তবায়ন যেমন দুরূহ হয়ে পড়বে, তেমনি এর মূল উদ্দেশ্যও ব্যাহত হবে এবং সরকারী অর্থের অপচয় ঘটবে। ন্যাশনাল সার্ভিস কর্মসূচির উপকারভোগীদের যোগ্যতা হ'ল উচ্চ মাধ্যমিক ও তদূর্ধ্ব শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন যাদের বয়স ২৪ থেকে ৩৫ বছর এবং কর্মসূচিভুক্ত উপজেলার প্রকৃত বাসিন্দা । এরি আলোকে নিম্নবর্ণিত ৪টি জেলাধীন উপজেলাসমূহের আবেদনকারীদের সংখ্যা অনেক বেশী মনে হয়। তাই উপজেলাসমূহের কর্মসূচিতে অন্তর্ভুক্তির আবেদনকারীদের সংখ্যাটি পর্যালোচনার যথেষ্ট অবকাশ রয়েছে বলে প্রতীয়মান হয় ।

নং	জেলার নাম	উপজেলার সংখ্যা	আবেদনকারীর সংখ্যা			মন্তব্য
			পুরুষ	মহিলা	মোট	
১	রংপুর	বদরগঞ্জ	৩২০২	৩০১৩	৬২১৫	
		পীরগাছা	৫৬১৪	৪৫৬৬	১০১৮০	
		মিঠাপুকুর	৬৬২৬	৬৫২৩	১৩১৪৯	
২	গাইবান্ধা	সুন্দরগঞ্জ	৩৭৫৪	৩৮২৪	৭৫৭৮	
		গোবিন্দগঞ্জ	২৫৯৯	২৪৩৮	৫০৩৭	
৩	ময়মনসিংহ	গৌরীপুর	২৮৭০	৩১২০	৫৯৯০	
		ত্রিশাল	১৮৮০	১৮১০	৩৬৯০	
৪	শেরপুর	শ্রীবর্দী	৩০৫৭	২৪৮৮	৫৫৪৫	

০৩। কর্মসূচি বাস্তবায়নে এ পর্যন্ত অভিজ্ঞতায় দেখা যায় যে, ন্যাশনাল সার্ভিস কর্মসূচিতে অন্তর্ভুক্তির আবেদনপত্রের মধ্যে নির্ধারিত ন্যূনতম বয়সের (২৪) কম কিংবা সর্বোচ্চ বয়সের (৩৫) বেশী, ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা (উচ্চ মাধ্যমিক) না থাকা, নির্ধারিত উপজেলার প্রকৃত বাসিন্দা ব্যতিরেকে আবেদন, শিক্ষাগত যোগ্যতার ও নাগরিকত্বের জাল সনদ ব্যবহার, ত্রুটিপূর্ণ অথবা অসম্পূর্ণ আবেদন,পোষ্টাল অর্ডার কিংবা ব্যাংক ড্রাফট না থাকা প্রভৃতি লক্ষ্যণীয়। মাধ্যমিক পরীক্ষা সনদ অনুযায়ী বয়স ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ বিষয়ে মূল সনদপত্রসমূহ যাচাই এবং জাতীয় পরিচয়পত্রের নম্বর যাচাইয়ের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলার বাসিন্দা হওয়ার বিষয়টি নিশ্চিত হওয়ার সুযোগ রয়েছে। উপরন্তু সঠিকতা যাচাইয়ের জন্য জরিপ পরিচালনা ও সাক্ষাৎকার নেয়ার ব্যবস্থাও রয়েছে। এ পরিস্থিতিতে উপজেলার স্থায়ী বাসিন্দা, ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এবং বয়স কমপক্ষে ২৪ ও সর্বোচ্চ ৩৫ এ তিনটি বিষয় নির্মোহ ও বস্তুনিষ্ঠতার সাথে যাচাইকরণ নিশ্চিত করা সবিশেষ প্রয়োজন। ইতোমধ্যে উপপরিচালক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণকে ন্যাশনাল সার্ভিস কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়েছে। লক্ষ্যণীয় যে, স্থানীয় পরিস্থিতি - উদ্ভূত কারণে অনেক সময় নিয়ম-নীতি কঠোরভাবে প্রতিপালন বাধাগ্রস্থ হয়ে থাকে -যা কোনভাবেই কাম্য নয়। এমতাবস্থায় তাঁর ব্যক্তিগত পর্যবেক্ষণ এবং সভাপতি হিসেবে নিবিড় পরীবীক্ষণ বিবেচ্য সমস্যা হতে পরিত্রাণের জন্য সহায়ক হবে বলে অনুমিত।

০৪। সরকারী অগ্রাধিকারপ্রাপ্ত ন্যাশনাল সার্ভিস কর্মসূচির বাস্তবায়ন এখন বার্ষিক পারফরমেন্স চুক্তি(এপিএ)'র অন্তর্ভুক্ত । সে হিসাবে নভেম্বর হতে প্রশিক্ষণ শুরুর পরিকল্পনা নেয়া আছে। তবে প্রাপ্ত আবেদনসমূহ যথানিয়মে যাচাইয়ের মাধ্যমে প্রকৃত উপকারভোগী নির্বাচন করা সম্ভব না হলে কর্মসূচি বাস্তবায়ন যারপরনাই বিঘ্নিত হবে। সরকারী অগ্রাধিকারপ্রাপ্ত এ কর্মসূচির সঠিক বাস্তবায়নে এক্ষণে উপকারভোগীদের বাছাই কাজটি সুষ্ঠুভাবে সম্পন্নকরণের নিমিত্ত তাঁর সার্বিক সহযোগিতার আবশ্যকতার বিষয়টি আবারো সবিশেষ উল্লেখ্য। এ ব্যাপারে জেলা কমিটির সভাপতি,সম্মানিত জেলা প্রশাসকের সহযোগিতা নেয়া যেতে পারে।

অতএব তাঁর উপজেলার ন্যাশনাল সার্ভিস কর্মসূচির ৬ষ্ঠ পর্বে অন্তর্ভুক্তির জন্য প্রাপ্য আবেদনসমূহ যথাযথভাবে যাচাই করতঃ সঠিক উপকারভোগী বাছাই কাজটি সুসম্পন্নকরণে যথাসমীচীন ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(আবুল হাছান খান)
(যুগ্ম সচিব)
পরিচালক(পরিকল্পনা)
যুব উন্নয়ন অধিদপ্তর
ও
পরিচালক(অঃ দাঃ)
ন্যাশনাল সার্ভিস কর্মসূচি
ফোনঃ ৯৫৬০৭০৩

উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি, উপজেলা সমন্বয় কমিটি, ন্যাশনাল সার্ভিস কর্মসূচি
-----------উপজেলা,-----------------জেলা।

অনুলিপি ঃ

০১। যুগ্ম-সচিব(যুব-২) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সমন্বয় কমিটি-----------জেলা।
০৩। সচিব মহোদয়ের একান্ত-সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর-------------------জেলা
০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর--------------উপজেলা--------------------------------জেলা।